যুগান্তর

তারিখ 31 OCT 2008
পৃষ্ঠা ২ কলাম ৪

# বিএম কলেজে ছাত্রদল ছাত্রলীগ সংঘর্ষে ১০ জন আহত

বরিশাল ব্যুরো

বরিশালের বিএম কলেজে বাকেরগঞ্জ কল্যাণ সমিতি গঠনকে কেন্দ্র করে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার এ ঘটনা ঘটে। এতে উভয়পক্ষের ১০ জন আহত হয়। ঘটনার জন্য ছাত্রলীগ ও ছাত্রদল একে অপরকে দায়ী করেছে। ক্যাম্পাস সূত্রে জানা গেছে, কলেজের বাকেরগঞ্জ উপজেলার ছাত্রদের নিয়ে গঠিত বাকেরগঞ্জ ছাত্র কল্যাণ সমিতির কমিটি গঠনের নির্বাচনের তারিখ ছিল বৃহস্পতিবার। নির্বাচনে ইমরুল হাসান জিকু ও মোঃ মুন্না নামে এক ছাত্র সাধারণ সম্পাদক পদের জন্য প্রতিদ্বন্দ্বিতায় নামে। নির্বাচন শুরুর আগে জিকুর সহযোগী বহিরাগত ছাত্রদল নেতা ফিরোজ খান কালুর নেতৃত্বে বেশ কয়েকজন বহিরাগত যুবক মুন্নাকে ক্যাম্পাসে ঢুকতে বাধা দেয়। এ খবরে মুন্নার সহযোগীসহ কলেজের সাধারণ শিক্ষার্থীদের মধ্যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। তারা বিষয়টি কলেজ অধ্যক্ষকে অবহিত করে। অভিযোগ জানিয়ে অধ্যক্ষের কার্যালয় থেকে বের হওয়ার পরপরই কালুর নেতৃত্বে বহিরাগতরা তাদের ওপর হামলা চালায়। এ সময় বাকবিতণ্ডার এক পর্যায়ে ছাত্রলীগ ও ছাত্রদল নেতারা দু'ভাগে বিভক্ত হয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। ছাত্রদল অভিযোগ করেছে, ছাত্রলীগের সন্ত্রাসীরা বাকসুর সাহিত্য সম্পাদক তরিকুল ইসলাম শাহীনকে কুপিয়ে জখম করেছে। সংঘর্ষের সময় উভয়পক্ষ ধারালো অস্ত্রসহ লাঠিসোটা ব্যবহার করে। কলেজ শাখা ছাত্রদলের প্রচার সম্পাদক শফিকুল হাসান মাসুম ঘটনার জন্য ছাত্রলীগকে দায়ী করে বলেন, তারা ক্যাম্পাসে নৈরাজ্য সৃষ্টির মাধ্যমে নিজেদের অবস্থান তৈরির চেষ্টা চালাচ্ছে। এদিকে কলেজ শাখা ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক মঈন তুষার ঘটনার সঙ্গে ছাত্রলীগের সম্পৃক্ততার কথা অস্বীকার করে বলেন, বহিরাগতদের সঙ্গে ছাত্রদলের কতিপয় সন্ত্রাসী যোগ হয়ে সাধারণ ছাত্রদের ওপর হামলা চালায়। এতে ছাত্রলীগের নুরুল আম্বিয়া বাবুসহ কয়েকজন আহত হয়েছে। অপরদিকে বিকালে ছাত্রলীগ সমর্থক কলেজের অনার্স ৪র্থ বর্ষের ছাত্র শফিকুল ইসলাম চুন্নুকে ছাত্রদলের কালু ও তার সহযোগীরা ক্যাম্পাসের ভেতরে বেধড়ক মারধর করেছে বলে অভিযোগ করা হয়েছে। বর্তমানে ক্যাম্পাসে উভয় সংগঠনের নেতাকর্মীদের মাঝে উত্তেজনা বিরাজ করছে।